

সংবাদ বিজ্ঞপ্তি

সামিট এবং সিএমপোর্ট যৌথভাবে বাংলাদেশের স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষায় সহায়তা করছে



ছবি ক্যাপশন: আজ সামিট গ্রুপের পক্ষ থেকে ভাইস-চেয়ারম্যান মো. ফরিদ খান আরও দুটি থার্মাল স্ক্যানার এবং সামিট ও সিএমপোর্টের পক্ষ থেকে স্বাস্থ্যসেবা কর্মীদের সুরক্ষার জন্য বিশেষভাবে তৈরি সুরক্ষা পোশাক ও মাস্ক, কেন্দ্রীয় ওষুধ সংরক্ষণাগারের (সিএমএসডি) পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. শহীদুল্লাহ- কাছে হস্তান্তর করেন।

(ঢাকা) ৯ই এপ্রিল ২০২০, বৃহস্পতিবার: বিশ্বব্যাপী করোনা ভাইরাসের মহামারীর প্রেক্ষিতে স্বাস্থ্যসেবা কর্মীরা আক্রান্ত রোগীদের সেবায় নিয়োজিত কিন্তু তাঁরা সুরক্ষিত নয়। স্বাস্থ্যকর্মী এবং চিকিৎসকেরা, যারা নিস্বার্থভাবে স্বাস্থ্যসেবা দিয়ে যাচ্ছেন তাদের জন্য সামিট গ্রুপ এবং চায়না মার্চেন্ট পোর্ট গ্রুপ যৌথভাবে বিশেষভাবে প্রস্তুতকৃত উন্নতমানের দুই হাজার সুরক্ষা পোশাক এবং পঞ্চাশ হাজার মাস্ক যার ওজন প্রায় ৯০০ কেজি এবং দুটি থার্মাল স্ক্যানার সরকারি নির্দেশনা অনুসারে



রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত কেন্দ্রীয় ওষুধ সংরক্ষণাগার (সিএমএসডি) এর কাছে হস্তান্তর করেছে। সিএমএসডি বিভিন্ন স্বাস্থ্যসেবা প্রদানকারি প্রতিষ্ঠানে বিতরণ করবে।

সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “বাংলাদেশের সহায়তায় পাশে থাকতে পেরে আমরা অত্যন্ত কৃতজ্ঞ। আমরা প্রাথমিকভাবে ৫টি থার্মাল স্ক্যানার দিয়েছিলাম। এখন আরও দুটি থার্মাল স্ক্যানার এবং স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য মাস্ক ও সুরক্ষা পোশাক প্রদান করছি।”

সিএমপোর্টের সিইও ড. বাই জিংতাও বলেন, “চীনের জনগণের সাথে বাংলাদেশের জনগণের সুগভীর বন্ধুত্বের স্বীকৃতিস্বরূপ, সিএমপোর্ট করোনা ভাইরাস মোকাবিলায় বাংলাদেশের পাশে থেকে সহায়তা করে যাবে। সামিট গ্রুপের সাথে যৌথভাবে এই অনুদান দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত।”

সামিট গ্রুপ এবং চায়না মার্চেন্ট পোর্ট গ্রুপ দীর্ঘসময় যাবৎ বাংলাদেশের বন্দর কর্মকাণ্ডের অংশীদার। উভয় প্রতিষ্ঠানই বাংলাদেশে বিশ্বমানের বন্দর ব্যবস্থাপনা এবং বন্দরখাতের সুবিধা উন্নয়ন নিশ্চিত করে বিনিয়োগে একত্রে কাজ করে চলেছে।

সংক্ষেপে সামিট সম্পর্কে:

বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারি প্রতিষ্ঠান সামিট, দেশের বৃহত্তম স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি এবং বেসরকারি বন্দর পরিচালনাকারি প্রতিষ্ঠান। এছাড়া এই শিল্পগোষ্ঠীর হাসপিটালিটি, ফাইবার অপটিকস, টাওয়ার, হাই-টেক পার্ক, শিপিং, তেল বাণিজ্যসহ অন্যান্য ব্যবসা রয়েছে।

সংক্ষেপে সিএমপোর্ট সম্পর্কে:

চায়না মার্চেন্ট পোর্ট গ্রুপ কো. লি. (সিএমপোর্ট), সর্বমোট কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতার ভিত্তিতে, বিশ্বের বৃহত্তম পাবলিক বন্দর উন্নয়নকারি, বিনিয়োগকারি এবং পরিচালনাকারি প্রতিষ্ঠান। সিএমপোর্ট ২০০৮ সাল থেকে চীনের বাইরে বহির্বিদেশে ব্যবসাকে বিস্তৃত করে। বর্তমানে ২৬টি দেশের ৫১ টি বন্দরে সিএমপোর্টের নেটওয়ার্ক রয়েছে। ২০১৯ সালের বাৎসরিক হিসাব অনুযায়ী সিএমপোর্টের কনটেইনার হ্যান্ডলিং করেছে ১১১.৩ মিলিয়ন ফুট সমতুল্য ইউনিট (টিইইউ) এবং বাল্ক কার্গো ৮২৯ মিলিয়ন টন। সিএমপোর্ট, হংকং-ভিত্তিক ব্যবসায়িক গোষ্ঠী চায়না মার্চেন্ট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান। ১৮৭২ সালে প্রতিষ্ঠিত চায়না মার্চেন্ট গ্রুপের মূল তিনটি ব্যবসা হলো পরিবহন, আর্থিক এবং সম্পত্তি খাত। বিস্তারিত জানতে ভিজিট করুন: <http://www.cmhk.com/en/>

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল
+৮৮০১৭১৩০৮১৯০৫